

CONSULATE GENERAL OF THE PEOPLE'S
REPUBLIC OF BANGLADESH

34-18 Northern Boulevard, Ground Floor, Long Island
City, NY 11101

Tel: 212-599-6767 Fax: 212-682-9211

Email: contact@bdcgny.org Web: www.bdcgny.org



PERMANENT MISSION OF BANGLADESH
TO THE UNITED NATIONS

820 East, 2nd Avenue, Diplomat Center, New York, NY-10017

Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail:

bdpmny@gmail.com

web site: www.un.int/bangladesh

২৫ ফেব্রুয়ারী ২০১৯

বিজ্ঞপ্তি

আগামী ১৭ মার্চ ২০১৯ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিবস ও জাতীয় শিশু দিবস-২০১৯ উপলক্ষে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক যৌথভাবে শিশুদের জন্য বঙ্গবন্ধুর জীবনী বিষয়ক বই পড়ার আয়োজন করেছে। এছাড়াও, বয়সভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানসূচী নিম্নরূপ:

১। বইপড়া-- (২:৩০ - ৩:০০ ঘটিকা)

অনুষ্ঠানের শুরুতে উপস্থিত শিশু-কিশোরদের সাথে নিয়ে মান্যবর রাষ্ট্রদূত ও স্থায়ী প্রতিনিধি জনাব মাসুদ বিন মোমেন ও মাননীয় কনসাল জেনারেল মিজ সাদিয়া ফয়জুননেসা বঙ্গবন্ধুর জীবনী নিয়ে লেখা "কারাগারের রোজনামচা" ও "অসমাপ্ত আত্মজীবনী" বই থেকে অংশবিশেষ পড়ে শোনাবেন।

২। চিত্রাঙ্কন প্রতিযোগিতা--(৩.০০-৩.৪৫ ঘটিকা)

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

বিষয়বস্তু	ক গ্রুপ: বয়স ৫-৭ বছর	খ গ্রুপ: বয়স ০৮-১১ বছর	তারিখ	সময়	স্থান
চিত্রাঙ্কন	বঙ্গবন্ধুর সোনার বাংলা	সমৃদ্ধির পথে বাংলাদেশ	১৭ মার্চ ২০১৯ রবিবার অংশগ্রহণকারীদের ২:৩০ ঘটিকার পূর্বে অনুষ্ঠানস্থলে উপস্থিত হতে হবে। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে।	বিকাল ৩.০০- ৩.৪৫	কুইন্স সেন্ট্রাল লাইব্রেরী, চিলড্রেনস লাইব্রেরী ডিসকভারী সেন্টার, মাল্টিপারপাস প্রোগ্রামিং রুম (৮৯-১১ মেরিক বুলেভার্ড, জ্যামাইকা, এনওয়াই ১১৪৩২) Queens Central Library, Children's Library Discovery Center, Multipurpose Programming room. (89-11 Mrrick Blvd. Jamaica, NY 11432)

চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিশুর নাম, বয়স, পিতা/মাতার নাম ও ফোন নম্বর এবং যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক রেজিস্ট্রেশন ফরম ইমেইল যোগে (mission.newyork@mofa.gov.bd) এবং এর পাশাপাশি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক-এর ঠিকানায় (৩৪-১৮ নর্দান বুলেভার্ড, নীচতলা, এলআইসি, নিউইয়র্ক, এনওয়াই ১১১০১) ডাকযোগে প্রেরণ করা যাবে।

প্রতিযোগীদের শুধুমাত্র আর্ট পেপার সরবরাহ করা হবে। চিত্রাঙ্কনের অন্যান্য উপকরণ সামগ্রী প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে সঙ্গে নিয়ে আসতে হবে।

৩। রচনা প্রতিযোগিতা--(১৫ মার্চ ২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে)।

রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী নিম্নরূপ:

বিষয়বস্তু	গ গ্রুপ: বয়স ১২-১৬ বছর	তারিখ	রচনা জমাদানের স্থান
রচনা	বাংলায়- "বৈশ্বিক নেতৃত্বে বঙ্গবন্ধু" (১০০০ শব্দ) অথবা ইংরেজিতে- "Bangabandhu as a Global Leader" (1000 Words)	রচনা জমাদানের শেষ তারিখ ১৫ মার্চ ২০১৯। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে ১৭ মার্চ ২০১৯ (সময় ৪:০০-৪:৪৫) স্থান: কুইন্স লাইব্রেরী, নিউইয়র্ক, (৮৯-১১ মেরিক বুলেভার্ড, জ্যামাইকা, এনওয়াই ১১৪৩২)	জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন ৮২০ ডিপ্লোমেট সেন্টার, ২য় এভিনিউ, চতুর্থ তলা (৪৩-৪৪ স্ট্রীট এর মাঝে), নিউইয়র্ক, ১০০১৭ অথবা ই-মেইল- bdpmny@gmail.com এছাড়াও, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক-এর ঠিকানায় (৩৪-১৮ নর্দান বুলেভার্ড, নীচতলা, এলআইসি, নিউইয়র্ক, এনওয়াই ১১১০১) অথবা ই-মেইল- mission.newyork@mofa.gov.bd

৪। সাংস্কৃতিক অনুষ্ঠান--(৩.৪৫-৪.০০ ঘটিকা)


৫। পুরস্কার বিতরণী--(৪.০০-৪:৪৫ ঘটিকা)


প্রতিযোগীদের মূল্যায়নে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল কর্তৃক মনোনীত বিচারকগণের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

এ বিষয়ে কোন প্রশ্ন থাকলে ই-মেইল bdpmny@gmail.com/mission.newyork@mofa.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লিখিত প্রতিযোগিতাসমূহে শিশুদের অংশগ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

অনুষ্ঠান শেষে আপ্যায়নের ব্যবস্থা রয়েছে।


(চৌধুরী সুলতানা পারভীন)
দূতালয় প্রধান ও কাউন্সেলর
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক


(নিরুপম দেব নাথ)
দূতালয় প্রধান ও কাউন্সেলর
জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক